



শ্রীমঙ্গলে ফ্যামিলি কার্ড কার্যক্রমের উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী



প্রধানমন্ত্রী তারেক রহমান। ছবি: সংগৃহীত

মৌলভীবাজারের শ্রীমঙ্গলে ফ্যামিলি কার্ড কার্যক্রমের আনুষ্ঠানিক উদ্বোধন করেছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। এ সময় ১৫৫ জন ভাতাভোগীর জুন মাসের ভাতা সরাসরি মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে পাঠানো হয়।

বুধবার (১৭ জুন) দুপুর পৌনে ২টার দিকে শ্রীমঙ্গলের ভিক্টোরিয়া উচ্চ বিদ্যালয় মাঠে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে তিনি এ কার্যক্রম উদ্বোধন করেন। এর আগে কয়েকটি দুস্থ ও অসহায় পরিবারের হাতে অনুদান তুলে দেওয়া হয়। পরে অনলাইন প্ল্যাটফর্মে তাদের মোবাইল অ্যাকাউন্টে ভাতার অর্থ পাঠানো সম্পন্ন হয়।

সকালে সোয়া ১০টার দিকে প্রধানমন্ত্রী সিলেট পৌঁছান। সেখান থেকে সড়কপথে তিনি মৌলভীবাজারের উদ্দেশে রওনা দেন।

দুপুরের কর্মসূচি শেষে বিকেলে দুসাই রিসোর্টে যাওয়ার কথা রয়েছে তার। সেখানে কিছু সময় বিশ্রামের পর একটি রাজনৈতিক সভায় অংশ নেবেন তিনি। সভা শেষে সন্ধ্যায় সিলেট ওসমানী আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ঢাকার উদ্দেশে যাত্রা করবেন প্রধানমন্ত্রী।

এদিকে প্রধানমন্ত্রীর সফরকে ঘিরে পুরো জেলায় প্রস্তুতি জোরদার করা হয়েছে এবং নিরাপত্তা ব্যবস্থা কঠোর করা হয়েছে। সফরকে কেন্দ্র করে স্থানীয় নেতাকর্মীদের মধ্যে উৎসবমুখর পরিবেশ বিরাজ করছে।